

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date : 17-10-2025**

**Time: 07.35-07.40 AM Hrs**

**BENGALI MORNING BULLETIN**

---

**PM, Andhrapradesh :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী অন্তর্প্রদেশের কুরুলে প্রায় ১৩ হাজার ৪৩০ কোটি টাকা মূল্যের একাধিক উন্নয়ন প্রকল্পের উন্নোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন। প্রকল্পগুলি শিল্প, বিদ্যুৎ, সড়ক, রেলপথ, প্রতিরক্ষা উৎপাদন এবং পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস সহ গুরুত্বপূর্ণ ক্ষেত্র সম্পর্কিত। গতকাল এ উপলক্ষে এক সমাবেশে, প্রধানমন্ত্রী পরিচ্ছন্ন শক্তি এবং বিদ্যুৎ ক্ষেত্রে ভারতের জ্ঞত অগ্রগতির চিত্র তুলে ধরেন। তিনি উল্লেখ করেন, এখন প্রতিটি গ্রামে বিদ্যুৎ পৌঁছেছে এবং মাথাপিছু বিদ্যুৎ ব্যবহার বেড়ে ১,৮০০ ইউনিট হয়েছে। তিনি বলেন, এই ধরনের সাফল্য জ্বালানি ক্ষেত্রে নতুন মানদণ্ড স্থাপন করছে।

**##### Byte-PM #####**

\*\*\*\*\*

**CM visit Ram mandir and hanuman gari mandir :**

অযোধ্যায় রামমন্দির ও হনুমানগড়ি মন্দির পরিদর্শন করেছেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। গতকাল এই সফরের পর মুখ্যমন্ত্রী জানান, ভগবান রাম লালার সাথে সাক্ষাত করার জন্য অনেক দিন ধরে অপেক্ষা করেছিলেন।

প্রচণ্ড ভিড়ের কারণে আগে মন্দিরে তার পক্ষে যাওয়া সম্ভব হয়নি। মুখ্যমন্ত্রী উত্তরপ্রদেশের জনগনকে তিনি ত্রিপুরাসুন্দরী মন্দির দেখার আমন্ত্রণ জানিয়েছেন।

\*\*\*\*\*

## AMIT SHAH :

কেন্দ্ৰীয় স্বৰাষ্ট্ৰমন্ত্ৰী অমিত শাহ বলেছেন, গত দুই দিনে ২৫৮ জন কটুৱাৰী মাওবাদী সহিংসতা ত্যাগ কৰেছে। গতকাল সামাজিক মাধ্যমে তিনি উল্লেখ কৰেছেন, ছত্ৰিশগড়ে গত দুই দিনে ১৯৭ জন মাওবাদী আৰুসমৰ্পণ কৰেছেন। এছাড়া, মহারাষ্ট্ৰেও ৬১ জন মূলধাৰায় ফিৱে এসেছেন। তিনি আৱণ্ডি বলেন, গত বছৰ ছত্ৰিশগড়ে বিজেপি ক্ষমতায় আসার পৰ থেকে দুই হাজাৰেৱও বেশি মাওবাদী আৰুসমৰ্পণ কৰেছেন, প্ৰায় ১,৮০০ জনকে গ্ৰেপ্তাৱ কৱা হয়েছে এবং রাজ্য চাৰশো 'পঞ্চাশেৱও বেশি মাওবাদী নিষ্ক্ৰিয় কৱা হয়েছে।

দেশের সংবিধানের প্রতি আস্থা রেখে মাওবাদীদের সহিংসতা ত্যাগের সিদ্ধান্তের প্রশংসা করেছেন **মন্ত্রী**।

\*\*\*\*\*

## Ashwini Vaishnav :

ରେଲମନ୍ତ୍ରୀ ଅନ୍ତିମି ବୈଷ୍ଣୋ ବଲେଛେ, ଯାତ୍ରୀଦେର ସୁଯୋଗ-ସୁବିଧା ବୃଦ୍ଧିର ଉପର ବିଶେଷ ମନୋଯୋଗ ଦିଯେ ରେଲ କ୍ଷେତ୍ରକେ ରୂପାନ୍ତରିତ କରାର ଜନ୍ୟ ସରକାର ବେଶ କରେକଟି ଉଦ୍ଦେୟଗ ନିଯେଛେ । ଶ୍ରୀ ବୈଷ୍ଣୋ ଗତକାଳ ଜୟପୁରେର ଥାଟିପୁରା ରେଲଓୟେ ସ୍ଟେଶନେ ବିଭିନ୍ନ ଯାତ୍ରୀ ସୁବିଧାର ଉଦ୍ବୋଧନ କରେନ ।

\*\*\*\*\*

## **SEBI :**

পঞ্চায়েত মন্ত্রী কিশোর বর্মন বলেছেন, প্রামের প্রতিটি মানুষকে আর্থিক প্রতারণার হাত থেকে রক্ষা করতে হলে তাদের আর্থিক ভাবে সাক্ষর ও সচেতন করে তুলতে হবে। পঞ্চায়েতি রাজ মন্ত্রক ও সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া বা সেবি-র যৌথ উদ্যোগে গতকাল আগরতলায় দুদিনব্যাপী আর্থিক সাক্ষরতা কর্মশালার উদ্বোধন করে তিনি একথা বলেন। দু'দিনের এই কর্মশালায় অস্তর পঞ্চায়েতের জনপ্রতিনিধিগণ, বি.এ.সি চেয়ারম্যান ও সদস্যগণ সহ ১৫০ জন প্রতিনিধি অংশগ্রহণ করেন।

\*\*\*\*\*

## **Poshan Maah-Sepahijala :**

রাষ্ট্রীয় পোষণ মাস উদযাপনের অঙ্গ হিসেবে সিপাহীজলা জেলার মেলাঘর ICDS প্রকল্প ও TULM-এর যৌথ উদ্যোগে গতকাল মেলাঘর জয়চন্দ্র বালোমন্দিরে এক সচেতনতামূলক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এলাকার গর্ভবতী মা ও শিশুদের পাশাপাশি অঙ্গনওয়াড়ি কর্মী-সহায়িকা, আশাকর্মী এবং TULM-এর অন্তর্ভুক্ত স্ব-সহায়ক দলের মহিলারা এই সভায় অংশগ্রহণ করেন। তাদের সামনে গর্ভবতী মা ও শিশুর পুষ্টির বিষয়ে বিস্তারিত আলোচনা করেন উপস্থিত বিশেষজ্ঞরা।

\*\*\*\*\*

## **Red Run- Sepahijala :**

স্বাস্থ্য দপ্তর এবং ত্রিপুরা স্টেট এইডস কন্ট্রোল সোসাইটির উদ্দেশ্যাগে গতকাল সিপাহীজলা চিড়িয়াখানার প্রধান গেইটে সিপাহীজলা জেলাভিত্তিক রেড রান প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। উদ্বোধন করেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিনেত্রী সুপ্রিয়া দাস দত্ত। তিনি বলেন, এইডস প্রতিরোধে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে এই প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। যুব সমাজকে খেলাধুলা, শরীর চর্চা এবং উপযুক্ত সচেতনতার মাধ্যমে এইডস এর বিরুদ্ধে লড়াই চালিয়ে যেতে হবে। রেড রান প্রতিযোগিতায় বিশালগড়ের রবীন্দ্রনাথ ঠাকুর মহাবিদ্যালয়, সোনামুড়ার কাজী নজরুল মহাবিদ্যালয় এবং বিশ্রামগঞ্জের আইটি আই থেকে ছাত্রছাত্রীরা অংশগ্রহণ করেন।

\*\*\*\*\*

## **Ranji Trophy :**

রঞ্জি ট্রফির চারদিনের খেলায় ত্রিপুরার বিরুদ্ধে বড় স্কোর গড়েছে স্বাগতিক সার্ভিসেস। দিল্লিতে পালামের এয়ারফোর্স কম্প্লেক্স মাঠে ৬ উইকেট ২৪৬ রান থেকে দ্বিতীয় দিনে ব্যাট করতে নেমে গতকাল সার্ভিসেস প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ৩৫৯ রান করে।

\*\*\*\*\*

## **Weather :**

আজ আকাশ আংশিক মেঘলা থাকবে। সকালে হালকা কুয়াশা পড়েছে আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস-এর কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫ ডিগ্রী সেলসিয়াস।

\*\*\*\*\*

\*\*\*\*\*